দৈনিক খবর
তারিখ 17 NOV 1991
পৃষ্ঠা ২ কলাম ৮

# গুলীবিদ্ধ বিশ্ববিদ্যালয় ছাত্র চিকিৎসারত অবস্থায় গ্রেফতার

বাসস জানায়ঃ গতকাল শনিবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয় টিএসসি এলাকায় শারীরিক অনুশীলন করার সময় কিশোর কুমার দে নামের ঢাকা

২ এর পাতায় দেখুন

## গুলীবিদ্ধ বিশ্ববিদ্যালয়

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র নিজের বহনকৃত রিভলভারের গুলীতে আহত হয়েছেন।

জানা গেছে, কিশোর কুমার দে প্রাতঃকালীন অনুশীলনের সময় তার পকেটে রিভলভার বহন করছিল এবং আচমকা অতিরিক্ত চাপে গুলী বেরিয়ে যায়। ডান উরুতে গুলীর আঘাত নিয়ে আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

অবৈধ অস্ত্র রাখার দায়ে হাসপাতাল থেকে পুলিশ তাকে গ্রেফতার করেছে এবং গ্রেফতারকৃত অবস্থায় তার চিকিৎসা চলছে। কিশোর কুমার ঢাকা বিশ্ববিদ্যালয়ে গণিত বিভাগের ২য় বর্ষে অধ্যয়নরত এবং জগন্নাথ হলের ছাত্র।

এদিকে বাসসের অন্য এক খবরে বলা হয়েছেঃ ডাকসু ভিপি ও জাতীয়তাবাদী ছাত্রদলের আহবায়ক আমানুল্লাহ আমান এমপি গতকাল শনিবার এক বিবৃতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হলে গুলীবর্ষণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। এ ঘটনায় একজন ছাত্র আহত হয়েছে। বিবৃতিতে তিনি বলেন, ছাত্রলীগের (আ-অ) দু'টি উপদলের মধ্যকার এই সংঘর্ষ বিশ্ববিদ্যালয় শিক্ষার পরিবেশকে বিঘ্নিত করছে। আমান শিক্ষার পরিবেশ রক্ষায় এবং জাতির বৃহত্তর স্বার্থে অবিলম্বে সকল সশস্ত্র সন্ত্রাসীকে গ্রেফতারের দাবী জানান।